



# বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ(বিসিএসআইআর)

BANGLADESH COUNCIL OF SCIENTIFIC AND INDUSTRIAL RESEARCH (BCSIR)

নং-৩৯.৩০৭.০১৪.০০.০১.২০৬.২০১৯.৪৪৪ ৪৮০

তারিখ: ০১.০২.২০২০।

## প্রজ্ঞাপন

বিসিএসআইআর-এর ০১.০১.২০২০ তারিখে অনুষ্ঠিত ডিপিসি-২ এর সুপারিশ ০৫.০২.২০২০ তারিখে অনুষ্ঠিত ৩১৯-তম বোর্ড সভায় অনুমোদনের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত ব্যক্তিগণকে তাদের নামের পার্শ্বে বর্ণিত স্থায়ী পদ এবং বেতন ক্ষেত্রে মূল বেতন ও প্রদেয় প্রচলিত ভাতাদিসহ নিম্নলিখিত শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করা হলো।

### শর্তাবলী:

- তাকে ৬ (ছয়) মাস শিক্ষানবিস (প্রবেশনার) হিসেবে কাজ করতে হবে। তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করে উক্ত শিক্ষানবিসের মেয়াদ অনুর্ধ্ব আরো ৬ (ছয়) মাস বৃক্ষি করতে পারবেন।
- পরিষদের কর্মচারী চাকরি প্রবিধানমালা এবং পরিষদের কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রযোজ্য সরকারের বিধি দ্বারা তার চাকরি নিয়ন্ত্রিত হবে।
- নিয়োগকৃত পদে যোগদানের পর বিসিএসআইআর-এর সংশ্লিষ্ট চিকিৎসক কর্তৃক শারীরিক যোগ্যতার সনদ দাখিল সাপেক্ষে তার যোগদানপত্র গৃহীত হবে।
- যোগদানের পর তার চারিত্র ও প্রাক-পরিচয় সম্পর্কে সন্তোষজনক পুলিশ প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে এতদসংক্রান্ত প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক তার শিক্ষানবিসকাল অবসান হবে।
- শিক্ষানবিসকাল সময়কালে ন্যূনতম ১ (এক) মাস পূর্বে নোটিশ প্রদান না করে তিনি চাকরি হতে পদত্যাগ করতে পারবেন না। তবে, এরূপ নোটিশ প্রদান না করে পদত্যাগ করতে হলে তিনি পরিষদকে তার এক মাসের মূল বেতনের সম-পরিমান অর্থ ক্ষতিপূরণ হিসেবে প্রদান করতে বাধ্য থাকবেন। পরিষদ তার শিক্ষানবিসকালে শৃঙ্খলাজনিত কারণ বা অসন্তোষজনক কাজের জন্য যে কোন সময়ে ০১ (এক) মাসের নোটিশ অথবা ০১ (এক) মাসের বেতন প্রদান পূর্বক তাকে চাকরি হতে অব্যাহতি দিতে পারবে।
- চাকরি স্থায়ী হবার পর তিনি নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট তার অভিপ্রায় উল্লেখপূর্বক লিখিতভাবে ০৩ (তিনি) মাস পূর্বে নোটিশ প্রদান না করে চাকরি হতে পদত্যাগ করতে পারবেন না। তবে, এরূপ নোটিশ প্রদান না করে পদত্যাগ করতে হলে তিনি অত্র পরিষদকে তার ০৩ (তিনি) মাসের মূল বেতনের সম-পরিমান অর্থ ক্ষতিপূরণ প্রদান করতে বাধ্য থাকবেন।
- পদত্যাগ পত্র গৃহীত না হওয়া পর্যন্ত কর্মক্ষেত্রে অনুপস্থিত থাকলে তার বিরুদ্ধে শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে এবং এই কারণে চাকরিযুক্ত হলে তিনি অত্র পরিষদে ভবিষ্যতে চাকরি প্রাপ্তির অযোগ্য বলে বিবেচিত হবেন।
- তার বিরুক্তে কোন কারণে শৃঙ্খলাজনিত ব্যবস্থা গ্রহণ শুরু হলে তিনি চাকরি হতে স্বেচ্ছায় ইস্তফা দিতে পারবেন না।
- পরিষদে চাকরিতে থাকা অবস্থায় কাজে অবহেলা অথবা অসদাচরণের দোষে দোষী অথবা জনস্বার্থ পরিপন্থী কোন কাজে লিপ্ত হলে তার বিরুক্তে পরিষদের বিধি ও প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।
- পরিষদের চাকরিতে এবং পদায়নকৃত কর্মস্থলে যোগদানের জন্য তাকে কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।
- তার শিক্ষাগত যোগ্যতার সনদ, অন্যান্য প্রাতিষ্ঠানিক প্রত্যয়ন পত্র ও অন্যান্য প্রযোজনীয় তথ্যাদি যাচাই সাপেক্ষে এই নিয়োগ বলৎ থাকবে।
- যোগদানকৃত কর্মচারীকে যোগদানের পর তার সম্পদের হিসাব বিবরণী দাখিল করতে হবে।
- নির্ধারিত সময়ের মধ্যে যোগদানে ব্যর্থ হলে যোগদানের জন্য অতিরিক্ত অপরিহার্য সময় উল্লেখপূর্বক ধার্য সময়ের পূর্বে আবেদন করে কর্তৃপক্ষ কর্তৃক সময় মঞ্জুর করিয়ে নিতে হবে। নতুবা তাঁর নিয়োগ বাতিলযোগ্য হবে।
- বিসিএসআইআর কর্মচারী প্রবিধানমালা'৮৯-এর ১৩ প্রবিধি অনুযায়ী তার জ্যেষ্ঠতা নির্ধারণ করা হবে।

ক্রমিক	রোল	নাম	পদের নাম ও বেতন ক্ষেত্র	পদায়নকৃত কর্মস্থল
১.	1080034	MD. JULHASH UDDIN	সিকিউরিটি গার্ড টাকা ৮২৫০...২০০১০/- (গ্রেড-২০) (জাতীয় বেতন ক্ষেত্র ২০১৫)	পরিষদ সচিবালয়, বিসিএসআইআর, ঢাকা
২.	1080048	RAIHAN ALI		পরিষদ সচিবালয়, বিসিএসআইআর, ঢাকা
৩.	1080092	SABBIR MIAH		বিসিএসআইআর গবেষণাগার, চট্টগ্রাম

উপর্যুক্ত শর্তাদি তার নিকট গ্রহণযোগ্য হলে, তাকে আগামী ২০.০২.২০২০ তারিখের মধ্যে সচিব, বিসিএসআইআর, ঢাকা/ পরিচালক, বিসিএসআইআর গবেষণাগার, চট্টগ্রাম-এর নিকট যোগদানপত্র দাখিল করতে হবে। অন্যথায় এ নিয়োগ পত্র বাতিল বলে গণ্য হবে।

আপক,  
তালিকায় বর্ণিত সকল প্রার্থী

স্বাক্ষর  
(বেনজীর আহামেদ)  
সচিব (ভারপ্রাপ্ত)  
ফোন: ৯৬৭৫৩৫৭

চলমান পাতা-২

ড. কুদ্রত-এ-খুদা সড়ক, ধানমন্ডি, ঢাকা-১২০৫, বাংলাদেশ।

Dr. Qudrat-E-Khuda Road, Dhanmondi, Dhaka-1205, Bangladesh



# বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ(বিসিএসআইআর)

BANGLADESH COUNCIL OF SCIENTIFIC AND INDUSTRIAL RESEARCH (BCSIR)

## পাতা-২

নং-৩৯.৩০৭.০১৪.০০.০১.২০৬.২০১৯.৪৪৪ ৪৮০

তারিখ: ১০ .০২.২০২০।

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যোত্তর ভিত্তিতে নয়)।

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। ভারপ্রাপ্ত পরিচালক, বিসিএসআইআর গবেষণাগার, চট্টগ্রাম।
- ৪। মেডিক্যাল কনসাল্ট্যান্ট, বিসিএসআইআর, ঢাকা।
- ৫। ভারপ্রাপ্ত পরিচালক (অর্থ ও হিসাব), বিসিএসআইআর, ঢাকা।
- ৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংস্থাপন-২ শাখা, বিসিএসআইআর সচিবালয়, ঢাকা।
- ৭। অফিস কপি/ গার্ড ফাইল।

১০-০২-২০২০  
(বেনজীর আহাম্মেদ)  
সচিব (ভারপ্রাপ্ত)